

সংসদ কর্তৃক প্রকাশিত

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংসদ

সংসদ কর্তৃক প্রকাশিত

এম পিও—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাঙ্ক, বিল ইত্যাদি।

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ই ফাল্গুন, ১৩৯৫/২৮শে ফেব্রুয়ারী, ১৯৮৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ২৮শে ফেব্রুয়ারী, ১৯৮৯ (১৬ই ফাল্গুন, ১৩৯৫) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

১৯৮৯ সনের ১১ নং আইন

Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, 1985 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

বেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, 1985 (XXI of 1985 এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Bangladesh Oil, Gas and Mineral Corporation (Amendment) Act, 1989 নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন বলবৎ হইবে।

(২৩২৯)

মুদ্রা : ৫০ পরমা

২। Ord. XXI of 1985 এর section 3 এর সংশোধন।—Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, 1985 (XXI of 1985), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এর পর নিম্নবর্ণিত sub-section সম্মিলিত হইবে, যথা:—

“(1A) The Corporation may also be called PETROBANGLA.”।

৩। Ord. XXI of 1985 এর section 6 এর প্রতিস্থাপন।—উক্ত Ordinance এর section 6 এর পরিবর্তে নিম্নরূপ section প্রতিস্থাপিত হইবে, যথা:—

“6. Board.—(1) The Board shall consist of the following Directors, namely:—

- (a) a Chairman to be appointed by the Government;
- (b) an officer not below the rank of a Joint Secretary of the Ministry or Division dealing with energy and mineral resources to be nominated by that Ministry or Division;
- (c) an officer not below the rank of a Joint Secretary of the Ministry or Division dealing with finance to be nominated by that Ministry or Division;
- (d) an officer not below the rank of a Joint Secretary of the Ministry or Division dealing with planning to be nominated by that Ministry or Division;
- (e) not more than five other Directors to be appointed by the Government.

(2) The Chairman shall be the chief executive officer of the Corporation.

(3) The Chairman and the appointed Directors shall be wholetime officers of the Corporation and shall serve on such terms and conditions as the Government may determine.

(4) The Chairman and other Directors shall exercise such powers and perform such functions as may be prescribed or as may be assigned to them by the Government from time to time.”।

৪। Ord. XXI of 1985 এ নতুন section এর সম্মিলন।—উক্ত Ordinance এর section 10 এর পর নিম্নরূপ নতুন section সম্মিলিত হইবে, যথা:—

“10A. Power to hold shares or interest in any company. The Corporation may hold shares or interest in any company formed for the purpose of exploration and exploitation of oil, gas and mineral resources”।

১৯৮৯ সনের ১২ নং আইন

Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 (XXI of 1974) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয় :

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।—এই আইন The Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) (Amendment) Act, 1989 নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৯শে কার্তিক, ১৩৯৫ মোতাবেক ৩রা নভেম্বর, ১৯৮৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Act XXI of 1974 এর Section 4 এর সংশোধন।—Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) Act, 1974 (XXI of 1974), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর Section 4 এর sub-section (2) এর পর নিম্নরূপ Sub-section সংযোজিত হইবে, যথাঃ—

“(3) The Chairman and the members shall each be entitled to the re-imbursement of the actual charges of electricity, water and gas in the residence for an amount not exceeding Taka 1,500 per mensem.”।

৩। Act XXI of 1974 এর Section 6A এর প্রতিস্থাপন।—উক্ত Act এর section 6A এর পরিবর্তে নিম্নরূপ Section প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“6A. Sumptuary allowance.—The chairman and the members shall each be entitled to a sumptuary allowance of Taka 250 and 200 respectively per mensem.”।

৪। রহিতকরণ ও হেফাজত।—(১) The Members of the Bangladesh Public Service Commission (Terms and Conditions of Service) (Second Amendment) Ordinance, 1988 (XXVIII of 1988) এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই Act দ্বারা সংশোধিত উক্ত Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১৯৮৯ সনের ১৩ নং আইন

Ordnance Factories Board Ordinance, 1961 রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু Ordnance Factories Board Ordinance, 1961 (XVII of 1961) এর রহিতকরণ সমীচীন ও প্রয়োজনীয় :

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।—(১) এই আইন The Ordnance Factories Board (Repeal) Act, 1989 নামে অভিহিত হইবে।

(২) ইহা ২১০৭ অগ্রহায়ণ, ১৩৯৫ মোতাবেক ৫ই ডিসেম্বর, ১৯৮৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Ord. XVII of 1961 এর রহিতকরণ।—The Ordnance Factories Board Ordinance, 1961 (XVII of 1961), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত Ordinance রহিত হইবার সংগে সংগে—

- (ক) উহার অধীনে গঠিত Ordnance Factories Board, অতঃপর উক্ত বোর্ড বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে এবং উক্ত বোর্ড কর্তৃক পরিচালিত সমরাস্ত্র কারখানা সরকারের নিয়ন্ত্রণে আসিবে;
- (খ) উক্ত বোর্ডের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ সরকারের উপর ন্যস্ত হইবে;
- (গ) উক্ত বোর্ডের সকল দাবী, অধিকার, দায় ও দায়িত্ব সরকারের দাবী, অধিকার, দায় ও দায়িত্ব হইবে;
- (ঘ) উক্ত Ordinance এর অধীন উক্ত বোর্ড ও উহার কোন কর্মকর্তা কর্তৃক কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা সরকার বা উহার কোন কর্মকর্তা কর্তৃক কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;
- (ঙ) উক্ত বোর্ড কর্তৃক বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি সরকার কর্তৃক বা সরকারের সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে;
- (চ) উক্ত বোর্ডের এবং তৎকর্তৃক নিযুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী সরকারের সরাসরি অধীনে আসিবে এবং তাঁহারা উক্ত Ordinance রহিত হইবার পূর্বে যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, সরকার কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই শর্তে সরকারের অধীন চাকুরীতে নিয়োজিত থাকিবেন।

৩। রহিতকরণ ও হেফাজত।—(১) The Ordnance Factories Board (Repeal) Ordinance, 1988 (XXXI of 1988) এতদ্বারা রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোহাম্মদ আইয়ুবুর রহমান
সচিব।